

🗏 আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১: ২

💵 আরবি মূল আয়াত:



কসম চাঁদের, যখন তা সূর্যের অনুগামী হয়। — আল-বায়ান

শপথ চাঁদের যখন তা সূর্যের পিছনে আসে, — তাইসিরুল

শপথ চন্দ্রের যখন ওটা সূর্যের পর আবির্ভুত হয়। — মুজিবুর রহমান

And [by] the moon when it follows it — Sahih International

- ২. শপথ চাঁদের, যখন তা সূর্যের পর আবির্ভূত হয়(১),
 - (১) অর্থাৎ শপথ চন্দ্রের যখন তা সূর্যের অনুসরণ করে, সূর্যের পর আসে। এর অর্থ এই হতে পারে যে, যখন চন্দ্র সূর্যান্তের পরপরেই উদিত হয়। মাসের মধ্যভাগে এরূপ হয়। তখন চন্দ্র প্রায় পরিপূর্ণ অবস্থায় থাকে। [কুরতুবী]

তাফসীরে জাকারিয়া

- ২। শপথ চন্দ্রের, যখন তা সূর্যের পর আবির্ভূত হয়। [1]
 - [1] অর্থাৎ, যখন সূর্যান্তের পরে পরেই চন্দ্র উদয় হয়। যেমন, মাসের প্রথম পক্ষে হয়ে থাকে।

তাফসীরে আহসানূল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6045

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন